



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ

ফোন: ০২৯৯৬৬৭২৯২৯, ০২৯৯৬৬৭৩০৩৮, মোবাইল: ০১৩০৯১১৯৯৯

ই-মেইল: gssccollege\_mukta@yahoo.com

ওয়েবসাইট: gssccollege.gov.bd



তারিখ: ২৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০৯ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ভর্তি প্রক্রিয়া নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী সম্পন্ন করা হবে।

**ভর্তির জন্য ছাত্র-ছাত্রীদের করণীয়:**

১. টাকা জমা দেওয়ার তারিখ: ২০ এপ্রিল ২০২৬ তারিখ সোমবার বিকাল ০৩:০০ টা পর্যন্ত।
২. ভর্তির পূর্বে কলেজের ওয়েবসাইট: (<https://ems.gssccollege.gov.bd>)-এ প্রবেশ করে ০৫ (পাঁচ) নং অনুচ্ছেদে বর্ণিত নিয়মে ভর্তি ফরমপূরণ এবং পেমেন্ট সম্পন্ন করতে হবে।
৩. ফি'র পরিমাণ:

বিভাগ	টাকার পরিমাণ
বাংলা, রাষ্ট্রবিজ্ঞান ও ব্যবস্থাপনা	৫,৭৭০/- (পাঁচ হাজার সাতশত সত্তর) টাকা মাত্র।
সেমিনার ফি বাবদ ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।	

৪. জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনার আলোকে ([www.nu.edu.bd/admissions](http://www.nu.edu.bd/admissions)) অনলাইনে ভর্তির আবেদন ফরম পূরণ করে A4 সাইজের অফসেট কাগজে ০২ কপি প্রিন্ট নিতে হবে এবং পেমেন্ট স্লিপসহ সকল কাগজপত্র আগামী ২০ এপ্রিল ২০২৬ তারিখ বেলা ০৩:০০ ঘটিকার মধ্যে (সরকারি ছুটি ব্যতীত) স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

**৫. কলেজের ওয়েবসাইট থেকে ভর্তির ফরমপূরণ ও পেমেন্ট সম্পন্ন করার নিয়মাবলি:**

- ✓ ওয়েবসাইটের Menubar থেকে Payment-এর Admission অপশনে ক্লিক করতে হবে।
- ✓ Masters (Regular) Tab হতে Masters (Regular) Admission 2023-2024 এর Apply Now বাটনে ক্লিক করতে হবে। Department/Group (যে গ্রুপে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে), সিলেক্ট করে, ADMISSION ROLL (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের রোল) লিখে Verify-এ ক্লিক করতে হবে।
- ✓ তারপর যে ফরম আসবে, তার তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করবে এবং পাসপোর্ট সাইজের ছবি স্ক্যান করে (ছবির সাইজ সর্বোচ্চ 100kb) আপলোড করতে হবে।
- ✓ এরপর Save বাটনে ক্লিক করলে Payment Gateway দেখাবে। এখান থেকে বিকাশ/ নগদ/ রকেট/ অন্যান্য অপশন সিলেক্ট করে Payment কার্যক্রম সম্পন্ন করতে হবে। Payment কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার পর Submit বাটনে ক্লিক করে তথ্য সংরক্ষণ করবে এবং দুই (২) কপি রঙিন প্রিন্ট নিতে হবে।

**৬. ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র (সকল কাগজপত্র A4 সাইজের বড় খামে দিতে হবে):**

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ([www.nu.edu.bd/admissions](http://www.nu.edu.bd/admissions)) অনলাইনে ভর্তির আবেদন ফরমের প্রিন্টেড কপি ২ টি।
- খ) কলেজের ওয়েবসাইটে পূরণকৃত ভর্তি ফরমের প্রিন্টেড কপি ২ টি।
- গ) এসএসসি, এইচএসসি এবং অনার্স পরীক্ষার রেজিস্ট্রার্ড কার্ড, প্রবেশপত্র, প্রশংসাপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি।
- ঘ) অনার্স পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের মূল কপি।
- ঙ) সম্প্রতি তোলা ভাল মানের পাসপোর্ট সাইজের ছবি ২ কপি।
- চ) প্রযোজ্য ক্ষেত্রে পাঠ বিরতির সনদ দাখিল করতে হবে।

❖ ক্লাস শুরু: ২৬ এপ্রিল ২০২৬ খ্রি. রবিবার;

  
০৯.০৪.২০২৬

প্রফেসর মোঃ মোস্তাফিজুর রহমান (০১০৬৬৩)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

শহীদ স্মৃতি সরকারি কলেজ

মুক্তাগাছা, ময়মনসিংহ

**কপি বিতরণ:**

১. বিভাগীয় প্রধান (মাস্টার্স পাঠদানকারী বিভাগ), শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ
২. নোটিশ বোর্ড, শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ
৩. প্রধান সহকারী/ হিসাবরক্ষক, শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ
৪. সংরক্ষণ নথি